# গৃহঋণ বার্তা

বিএইচবিএফসি'র ত্রৈমাসিক বুলেটিন

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন

২য় বর্ষ
২য় সংখ্যা

জানুয়ারি-মার্চ
২০১৩ খ্রি.


## গোপালগঞ্জে নতুন আঞ্চলিক অফিসের উদ্বোধন

### গ্রামীণ এলাকায় স্বল্পসুদে ঋণ দিয়ে আবাসন সমস্যার সমাধান করুন - প্রধানমন্ত্রী







গত ১৯ জানুয়ারি, শনিবার জাতির পিতার জন্মভূমি গোপালগঞ্জ জেলাসদরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের নতুন রিজিওনাল অফিস চালু করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উক্ত অফিসের উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত এমপি এবং শেখ ফজলুল করিম সেলিম এমপি বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন।

স্বাধীনতাত্তোর ১৯৭৩ সালে গোপালগঞ্জে কর্পোরেশনের একটি রিজিওনাল অফিস চালু করা হয়েছিল। ১৯৭৫ সালে সপরিবারে জাতির জনকের নৃশংস হত্যাকান্ডের পর ঐ অফিসটি বন্ধ করে দেয়া হয়। তিন যুগেরও বেশী সময় পর কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষ পুনরায় গোপালগঞ্জে অফিস চালুর উদ্যোগ নেয়। এ উদ্যোগের জন্য প্রধানমন্ত্রী কর্পোরেশনের ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান। গোপালগঞ্জে কর্পোরেশনের অফিস স্থাপনের মাধ্যমে প্রতিষ্ঠানটির ঋণ সহায়তা গ্রামমুখী হবে বলে বক্তৃতায় প্রধানমন্ত্রী আশাবাদ ব্যক্ত করেন। এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী কর্পোরেশনের ঋণের সুদের হার এলাকাভেদে পুনঃনির্ধারনের পরামর্শ দেন। এক্ষেত্রে শহরে সুদের হার বৃদ্ধি করে হলেও গ্রামীণ জনগণকে অপেক্ষাকৃত কমসুদে ঋণ সহায়তা দেয়ার পরামর্শ দেন।

বিশেষ অতিথির বক্তৃতায় অর্থমন্ত্রী কর্পোরেশনের কার্যক্রম মাঠপর্যায়ে আরো বিস্তৃত করার আহ্বান জানান। তিনি বিএইচবিএফসি-কে একটি বিশেষায়িত ব্যাংকে রূপান্তর করার আবেদনও বিবেচনার আশ্বাস দেন।

কর্পোরেশনের অফিস পুনঃচালু হওয়ায় এ এলাকার মানুষ এখন থেকে স্বল্প সুদের ঋণ নিয়ে বাড়ি নির্মাণ করতে সক্ষম হবে বলে শেখ ফজলুল করিম সেলিম এমপি আশাবাদ ব্যক্ত করেন। কর্পোরেশনের এই অফিস এলাকার গৃহায়ণ সমস্যা সমাধানে উল্লেখযোগ্য অবদান রাখবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

"যারা কাজ করে তাদেরই ভুল হতে পারে
যারা কাজ করে না তাদের ভুলও হয় না।"
–বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

সভাপতির বক্তব্যে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান **মো. ইয়াছিন আলী** বলেন, 'দেশ ও মানুষের আর্থিক-সামর্থ বৃদ্ধি পেয়েছে। এরফলে মানসম্মত বাসস্থানের চাহিদা অন্যতম মুখ্য মৌলিক চাহিদায় পরিণত হয়েছে। তিনি এ চাহিদা পূরণে দেশের সকল জেলা, উপজেলা এবং গ্রোথ-সেন্টারসমূহে কর্পোরেশনের ঋণ কার্যক্রম আরো বিস্তৃতকরণের পরিকল্পনা রয়েছে বলে উল্লেখ করেন। প্রতিবছর কর্পোরেশনের অনুকূলে জাতীয় বাজেটে বড় অংকের থোক বরাদ্দ রাখাসহ প্রতিষ্ঠানটিকে একটি বিশেষায়িত ব্যাংকে রূপান্তরের জন্য তিনি সরকারের প্রতি অনুরোধ জানান।

**ব্যবস্থাপনা পরিচালক** ড. মো. নূরুল আলম তালুকদার কর্পোরেশনকে আধুনিক, গতিশীল ও কার্যকর একটি প্রতিষ্ঠানে পরিণত করার লক্ষ্যে তাঁর গৃহীত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের চিত্র তুলে ধরেন। পরিকল্পিত গ্রামীণ আবাসন অবকাঠামো গড়ে তুলতে তিনি সরকারের সহযোগিতা কামনা করেন। তিনি ভূমি-সাশ্রয়ী উর্ধ্বমুখী আবাসন নির্মাণের মাধ্যমে কৃষি জমি রক্ষার উপর বিশেষ গুরুত্বারোপ করেন। দেশের আবাসন ব্যবস্থার উন্নয়নে বিএইচবিএফসিকে সর্বোৎকৃষ্ট প্লাটফরম মর্মে অভিহিত করে প্রতিষ্ঠানটির তহবিল বৃদ্ধির বিষয়ে তিনি সরকার প্রধানের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন গৃহায়ণ তহবিল থেকেও কর্পোরেশনকে অর্থ বরাদ্দ দেয়ার জন্য প্রধানমন্ত্রীকে অনুরোধ করেন। জাতির জনকের স্মৃতি বিজড়িত এ অঞ্চলের মানুষের আবাসন সমস্যা সমাধানে গোপালগঞ্জ অফিস কার্যকর ভূমিকা রাখবে বলেও তিনি আশাবাদ ব্যক্ত করেন।

শ্রীমঙ্গলে রিজিওনাল অফিস উদ্বোধন



বিএইচবিএফসি'কে ব্যাংকে রূপান্তর সময়ের দাবি
- চীফ হুইপ

## ষাটবছর বয়সী বিএইচবিএফসি'র কাঙ্খিত সম্প্রসারণ হয়নি

- মো. ইয়াছিন আলী

শ্রীমঙ্গলে বিএইচবিএফসি'র রিজিওনাল অফিসের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী মূল্যায়ণধর্মী বক্তব্য রাখেন। তিনি বলেন, 'কর্পোরেশনের ষাট বছরের পথ পরিক্রমায় জাতীয় জীবনে প্রতিষ্ঠানটির গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে'। তিনি বলেন, 'দীর্ঘদিনের এ প্রতিষ্ঠানটির কাঙ্খিত পরিবৃদ্ধি ঘটেনি'। সর্বস্তরের মানুষকে গৃহঋণ সহায়তা দেয়ার পথে কর্পোরেশনের তহবিল স্বল্পতাকে একমাত্র বাধা বলে তিনি উল্লেখ করেন। তহবিল সংকটের স্থায়ী সমাধান এবং গৃহঋণ সেবা মানুষের দোরগোঁড়ায় পৌঁছে দেয়ার জন্য তিনি কর্পোরেশনকে গৃহায়ণ ব্যাংকে রূপান্তরের প্রয়োজনীয়তা সম্পর্কে উল্লেখ করেন। মো. ইয়াছিন আলী বলেন, 'দেশের মানুষের মাথাপিছু আয় ক্রমশ: বৃদ্ধি পাওয়ার পাশাপাশি সর্বস্তরের মানুষের গৃহ ঋণের চাহিদাও বেড়েছে। জীবনমানের উন্নয়নের সাথে সাথে মানসম্মত আবাস স্থলের চাহিদা ভবিষ্যতে আরো বাড়বে। এ খাতে ক্রমবর্ধমান ঋণের যোগান বাড়াতে রাষ্ট্রীয় প্রতিষ্ঠান হিসেবে কর্পোরেশনকে একটি বিশেষায়িত ব্যাংকে রূপান্তর করার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করে এ বিষয়ে তিনি সরকারের সহযোগিতা কামনা করেন।

মৌলভীবাজার জেলার শ্রীমঙ্গল উপজেলায় বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের একটি রিজিওনাল অফিসের উদ্বোধন করা হয়েছে। গত ২ ফেব্রুয়ারী, শনিবার কর্পোরেশনের ২৮-তম শাখা অফিস হিসেবে এর উদ্বোধন করা হয়। বাংলাদেশ জাতীয় সংসদের চীফ-হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত অফিসের কার্যক্রম উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে চীফ-হুইপ শ্রীমঙ্গলে কর্পোরেশনের রিজিওনাল অফিস স্থাপনের জন্য অর্থমন্ত্রী এবং কর্পোরেশন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

উপজেলা পর্যায়ে বিএইচবিএফসি'র এটিই প্রথম অফিস যার মধ্যদিয়ে ঐ অঞ্চলের মানুষের আবাসন সমস্যা সমাধানের পাশাপশি মানুষের জবীন যাত্রার মানের উন্নয়ন ঘটবে বলে প্রধান অতিথি আশাবাদ ব্যক্ত করেন। চীফ-হুইপ তাঁর বক্তব্যে আবাসন সমস্যা সমাধানে বঙ্গবন্ধুর স্বপ্ন বাস্তবায়নে বর্তমান গণতান্ত্রিক সরকারের বিভিন্ন পরিকল্পনার কথা উল্লেখ করেন।

চীফ-হুইপ জাতীয় অর্থনীতিতে বিএইচবিএফসি'র অনবদ্য ভূমিকার প্রশংসা করেন। এ প্রসঙ্গে তিনি কর্পোরেশনের কার্যক্রম আরো গতিশীল, গণমূখী ও সময়োপযোগী করার লক্ষ্যে কর্পোরেশনকে বিশেষায়িত হাউজিং ব্যাংকে রূপান্তরের বিষয়ে গুরুত্বারোপ করেন। বিএইচবিএফসি-কে ব্যাংকে রূপান্তরের বিষয়ে তিনি মহান জাতীয় সংসদে বিল উত্থাপনের সুপারিশ করেন। সংসদে বিল উত্থাপিত হলে সংসদ কর্তৃক তা পাশ করানোর বিষয়ে তিনি তাঁর সার্বিক সহযোগিতার আশ্বাস প্রদান করেন।

শ্রীমঙ্গল উপজেলা অডিটোরিয়ামে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী ও মৌলভীবাজারের জেলা প্রশাসক মো. কামরুল হাসান। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী কর্মকর্তা, বিভিন্ন সরকারী সংস্থা, ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্মকর্তাগণ। এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।

## ভূমি-সাশ্রয়ী উর্ধ্বমুখী আবাসন নির্মাণে বিএইচবিএফসি বদ্ধপরিকর

- ড. মো. নূরুল আলম তালুকদার

২ ফেব্রুয়ারী বিএইচবিএফসি'র ২৮-তম শাখা অফিসের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার।

ব্যবস্থাপনা পরিচালক কর্পোরেশনের ঋণ কার্যক্রম গ্রামমুখী করার ক্ষেত্রে তাঁর উদ্দেশ্য ও পরিকল্পনার তথ্য তুলে ধরেন। দেশের চাষযোগ্য ভূমি রক্ষার প্রশ্নে ভূমি-সাশ্রয়ী বহুতল আবাসন ব্যবস্থা গড়ে তুলতে তিনি আন্তর্জাতিক সংস্থা বিশ্বব্যাংক এবং দেশীয় বিভিন্ন উৎস থেকে তহবিল সংগ্রহের জোর চেষ্টা চালাচ্ছেন বলে উল্লেখ করেন। দেশের প্রতিটি জেলায় কর্পোরেশনের অফিস খোলার প্রচেষ্টা অব্যাহত আছে এবং এ প্রক্রিয়ায় নতুন বছরে এ পর্যন্ত তিনটি নতুন রিজিওনাল অফিস চালু করা হয়েছে বলে তিনি অবগত করেন। কর্পোরেশন-কে বিশেষায়িত গৃহায়ণ ব্যাংকে রূপান্তরের দাবী ক্রমশঃ জোরদার হচ্ছে বলেও তিনি উল্লেখ করেন। প্রতিষ্ঠানটিকে ব্যাংকে রূপান্তর করে এর নতুন নামকরণের জন্যও তিনি প্রস্তাব করেন।

# চাষের জমি রক্ষায় গ্রামে পরিকল্পিত আবাসন গড়ে তুলতে হবে -গভর্ণর, বাংলাদেশ ব্যাংক

২৪ মার্চ বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সদর দফতরে নবনির্মিত "ট্রেনিং সেন্টার" এর শুভ উদ্বোধন করেন বাংলাদেশ ব্যাংকের গভর্ণর **ড. আতিউর রহমান।** এসময় তিনি কর্পোরেশনের নবীন সিনিয়র অফিসার ও অফিসার এবং সমমানের কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য একটি কোর্সেরও উদ্বোধন করেন। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। নবনির্মিত প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজিত অনুষ্ঠানের শুরুতে মরহুম রাষ্ট্রপতি মো. জিল্লুর রহমানের বিদেহী আত্মার স্মৃতির প্রতি সম্মান জানিয়ে দু'মিনিটের নিরবতা পালন এবং তাঁর আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।

**ড. আতিউর রহমান** বক্তব্যের শুরুতে একটি আধুনিক প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ ও কোর্স আয়োজনের জন্য সংশ্লিষ্টদের ধন্যবাদ জানান। তিনি প্রশিক্ষণের গুরুত্ব উল্লেখ করে প্রশিক্ষণার্থীদের পেশাগত বুনিয়াদ তৈরির জন্য তাদের মন-মানসিকতায় পরিবর্তন আনার আহ্বান জানান।




নবনির্মিত প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন করছেন বাংলাদেশ ব্যাংকের গভর্ণর ড. আতিউর রহমান। তাঁর বাম পাশে কর্পোরেশনের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী। ডানে ড. মো. নুরুল আলম তালুকদার, ব্যবস্থাপনা পরিচালক।

কর্পোরেশনে গ্রাহক সেবার মান বৃদ্ধির লক্ষ্যে কর্তৃপক্ষের গৃহীত ব্যবস্থা সম্পর্কে তিনি অবগত রয়েছেন উল্লেখ করে এ ক্ষেত্রে আরো উন্নতি অর্জনে ঋণ বিতরণ ও আদায় সবই অন-লাইনে সম্পন্ন করার প্রতি গুরুত্বারোপ করেন। খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনে চাষযোগ্য জমির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিতকরণ এবং গ্রামাঞ্চলেও পরিকল্পিত আবাসন গড়ে তোলার বিষয়ে তিনি গুরুত্বারোপ করেন। এ প্রসঙ্গে তিনি পরিকল্পিত গ্রামীন আবাসনের লক্ষ্যে কর্পোরেশনের গৃহীত প্রকল্পটিকে একটি সময় উপযোগী উদ্যোগ হিসেবে অভিহিত করেন। কর্পোরেশনের ঋণযোগ্য তহবিলের স্বল্পতার বিপরীতে দেশব্যাপী এর কার্যক্রম সম্প্রসারণে প্রতিষ্ঠানটি কর্তৃক সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম চালু করা যায় কিনা তা পরীক্ষা করে দেখার অবকাশ রয়েছে বলে তিনি অভিমত ব্যক্ত করেন। সারাদেশে কর্পোরেশনের শাখা অফিস প্রয়োজনের তুলনায় কম; এর শাখা সম্প্রসারণে বাংলাদেশ ব্যাংক সহায়তা করতে প্রস্তুত আছে বলে তিনি উল্লেখ করেন।

**বিশেষ অতিথির** বক্তব্যে কর্পোরেশনের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী ষাট বছরের ঐতিহ্যবাহী প্রতিষ্ঠানটির যুগের চাহিদা অনুযায়ী সামনে এগিয়ে যাওয়ার উপর গুরুত্বারোপ করেন। এজন্য বিএইচবিএফসি-কে একটি বিশেষায়িত ব্যাংকে রূপান্তরের বিকল্প নাই বলে তিনি উল্লেখ করেন। দেশের চাষযোগ্য জমি রক্ষা এবং মানুষের গৃহায়ণ ঋণের চাহিদা মেটাতে কর্পোরেশনকে বিশেষায়িত ব্যাংকে রূপান্তরের বিষয়ে পর্ষদ কর্তৃক প্রস্তাব অনুমোদন এবং এতদ্বিষয়ে সরকারের বিভিন্ন মহলের সাথে যোগাযোগের তথ্য তুলে ধরেন।

**সভাপতির** বক্তব্যে কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নুরুল আলম তালুকদার তাঁর দায়িত্ব পালনকালীন বিভিন্ন উন্নয়ন ও সংস্কারমূলক কর্মকান্ডের চিত্র তুলে ধরেন। সাম্প্রতিক সময়ে ঋণ বিতরণ ও আদায় বৃদ্ধির মাধ্যমে মুনাফা অর্জনে ব্যপক সাফল্য, গ্রাহকসেবার মান বৃদ্ধি, অবকাঠামো উন্নয়ন, শাখা অফিস সম্প্রসারণ, মানব সম্পদ উন্নয়নে প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণসহ নানাবিধ কর্মসূচী গ্রহণ এবং প্রচার বৃদ্ধির লক্ষ্যে নিয়মিতভিত্তিতে ত্রৈমাসিক বুলেটিন **গৃহঋণ বার্তা** প্রকাশের তথ্য পেশ করেন। দেশের গ্রামীণ মানুষের জন্য স্বল্প-খরচে ভূমি-স্বাশ্রয়ী আবাসন ব্যবস্থা গড়ে তোলার বিষয়ে তাঁর পরিকল্পনা ও কর্মসূচির তথ্য তুলে ধরেন। এ বিষয়ে তিনি বিশ্বব্যাংকে দাখিলকৃত কর্পোরেশনের একটি প্রকল্প ঋণ প্রস্তাবের কথাও উল্লেখ করেন। কর্পোরেশনের তহবিল বৃদ্ধির বিষয়ে তিনি বাংলাদেশ ব্যাংকের গৃহায়ণ তহবিল থেকে প্রতিবছর অর্থ বরাদ্দ দেয়ারও অনুরোধ জানান। উদ্বোধনী অনুষ্ঠান ও সভাশেষে কর্পোরেশনের মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার সকলকে ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

# কিশোরগঞ্জে নতুন আঞ্চলিক অফিস উদ্বোধনঃ কয়েকটি জাতীয় দৈনিকে প্রকাশিত সংবাদ

যুগান্তর
ঢাকা ॥ মঙ্গলবার ৮ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ
কিশোরগঞ্জে বিএইচবিএফসি'র নতুন রিজিওনাল অফিস উদ্বোধন

সমকাল
ঢাকা ॥ বৃহস্পতিবার ৩জানুয়ারি, ২০১৩ খ্রিঃ
ভূমি অপচয় রোধ করে বহুতল ভবন নির্মাণ করতে হবে--স্পীকার

ইনকিলাব — THE DAILY INQILAB
ঢাকা ॥ বৃহস্পতিবার ৩ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ
বিএইচবিএফসি-কে ব্যাংকে রূপান্তর করুন -স্পীকার



FE The Financial Express
Thursday- January-3 2013, Dhaka
BHBFC should be remodelled into bank -Speaker

সংবাদ
ঢাকা ॥ শনিবার ৫ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ
বিএইচবিএফসি-কে ব্যাংকে রূপান্তর করতে হবে -স্পীকার

কালের কণ্ঠ
ঢাকা ॥ ৩ জানুয়ারি, ২০১৩, বৃহস্পতিবার
বিএইচবিএফসি-কে ব্যাংকে রূপান্তর করতে হবে -স্পীকার

গত ১ জানুয়ারি কিশোরগঞ্জ জেলা সদরে বিএইচবিএফসি'র একটি রিজিওনাল অফিস উদ্বোধন করা হয়। জাতীয় সংসদের স্পীকার মো. আব্দুল হামিদ এ্যাডভোকেট প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উক্ত অফিসের কার্যক্রমের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

## একুশে ফেব্রুয়ারি মহান শহীদ ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন

২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা ও মহান শহীদ দিবসে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের সদর দফতর প্রাঙ্গনের শহীদ মিনারে কর্পোরেশনের সকল কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ করা হয়। ভাষা দিবসের প্রত্যুষে পুষ্পস্তবক অর্পণ করেন কর্পোরেশনের পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মো. ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার।



এ সময় কর্পোরেশনের সকল স্তরের কর্মকর্তা ও কর্মচারী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। চেয়ারম্যান ও ব্যবস্থাপনা পরিচালকের পর কর্পোরেশনের ঢাকাস্থ সাতটি জোনাল অফিস, বিভিন্ন সরকারী ও বেসরকারী দফতর এবং অন্যান্য ব্যবসায়িক অফিসের পক্ষ থেকে শহীদ মিনার বেদীতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। কর্পোরেশন ভবনের জনতা ব্যাংক লি. এর শাখা প্রতিষ্ঠানের পক্ষ থেকেও পুষ্পস্তবক অর্পন ও ভাষা শহীদর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করা হয়। পুষ্পস্তবক অর্পণশেষে ভাষা শহীদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে ৫২'এর চেতনা লালন এবং মাতৃভাষার প্রতি যথাযথ সম্মান প্রদর্শনের প্রত্যয় বিষয়ক এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে পর্ষদের চেয়ারাম্যান জনাব মো. ইয়াছিন আলী এবং ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার ভাষা আন্দোলনের ইতিহাস, ঘটনা পরম্পরা, এ আন্দোলনের তাৎপর্য এবং দিবসটির আন্তর্জাতিক মর্যাদা অর্জন-ইত্যাদি সার্বিক বিষয়ে জ্ঞানগর্ব আলোচনা করেন।

## শীতার্ত মানুষের পাশে বিএইচবিএফসি




শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করেছেন মাননীয় খাদ্যমন্ত্রী ড. মো. আব্দুর রাজ্জাক,এম পি। সর্ববামে কর্পোরেশনের উপ-মহাব্যবস্থাপক মো. আব্দুল গণী।




রংপুর জোনাল অফিসের ম্যানেজার মো. নাজমুল হুসেন (ডানে) এবং দিনাজপুর রিজিওনাল অফিসের ম্যানেজার মো. নূরুজ্জামান শীতার্ত মানুষের মাঝে কম্বল বিতরণ করছেন

# বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠান উদ্‌যাপন



একজন বিজয়িনী প্রতিযোগিকে পুরস্কৃত করছেন পর্ষদ চেয়ারম্যান মো. ইয়াছিন আলী



একজন বিজয়িনী প্রতিযোগিকে পুরস্কৃত করছেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার

গত ২৩ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে বিএইচবিএফসি'র ঢাকাস্থ অফিসসমূহের বার্ষিক বনভোজন ও চিত্তবিনোদন অনুষ্ঠান গাজীপুরের হোতাপাড়াস্থ 'খতিব খামার বাড়িতে' অনুষ্ঠিত হয়। কর্পোরেশনের সদর দফতর এবং ঢাকাস্থ সাতটি জোনাল অফিসের কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যদের অংশগ্রহনে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। মনোরম ও নান্দনিক প্রাকৃতিক পরিবেশে অনুষ্ঠিত অনুষ্ঠনে কর্পোরেশনের পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী, পরিচালক জনাব মো. জালাল উদ্দিন, মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ, আমন্ত্রিত গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ এবং কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার উপস্থিত থেকে অনুষ্ঠানের সৌন্দর্য, আনুষ্ঠানিকতা ও আনন্দময়তায় পূর্ণতা দান করেন। পেশাজীবনের গতানুগতিক ব্যস্ততা, ক্লান্তি ও গ্লানি ঝেড়ে ফেলে নতুন উদ্যম ও কর্মস্পৃহা অর্জনে বিনোদনের বিকল্প নাই। সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ তাদের সন্তান-সন্ততি এবং পরিবারের সদস্যদের নিয়ে এ অনুষ্ঠান উপভোগ করেন।

বনভোজন ও চিত্তবিনোদন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি, পরিচালনা পর্ষদ, ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্পোরেশনের কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের পরিবারের সদস্যদের জন্য বিভিন্ন ইভেন্টে ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে যোগদানকারী শিশু-কিশোর এবং ছাত্র-যুবকদের জন্যও ছিল নানাবিধ প্রতিযোগিতায় অংশগ্রহণ ও পুরস্কার জয়ের সুযোগ।

অনুষ্ঠানে শিশু-কিশোর এবং আমন্ত্রিত অতিথিদের ক্রীড়া ইভেন্টসমূহ আনন্দময়তায় উপভোগ্য হয়ে ওঠে। কলেজ বিশ্ববিদ্যালয়সমূহে অধ্যায়নরত ছাত্র-ছাত্রী পর্যায়ের অংশগ্রহণকারীদের জন্য ছিল 'একুশের চেতনা' বিষয়ে উন্মুক্ত রচনা প্রতিযোগিতা। এছাড়া অনুষ্ঠানে অংশগ্রহনকারী সংগীত -প্রিয় সকলের জন্য ছিল সংগীত পরিবেশন প্রতিযোগিতা। সবশেষে র‌্যাফেল-ড্র প্রতিযোগিতায় পুরস্কার জেতার উত্তেজনা। চিত্তবিনোদন অনুষ্ঠান শেষে সংশ্লিষ্টদের পুরস্কৃত করা হয়। কর্পোরেশনের উর্ধ্বতন কর্মকর্তা এবং সম্মানিত অতিথিদের হাত থেকে প্রতিযোগিতা ও র‌্যাফেল ড্র-তে বিজয়ীরা পুরস্কার গ্রহণ করেন। অনুষ্ঠানের আনন্দঘন কয়েকটি মুহূর্তের আলোকচিত্র স্মৃতির স্মারক হয়ে থাকবে।

## বিএইচবিএফসি উচ্চ বিদ্যালয়ে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান



শিক্ষার পাশাপাশি খেলাধুলার গুরুত্ব তুলেধরে সংশ্লিষ্ট সকলের উদ্দেশে বক্তব্য রাখছেন পর্ষদ চেয়ারম্যান মো. ইয়াছিন আলী। পাশে উপবিষ্ট আছেন কর্পোরেশনের এমডি ড. মো. নূরুল আলম তালুকদার। সর্ব ডানে এবং বামে কর্পোরেশনের দুই মহাব্যবস্থাপকঃ যথাক্রমে আফরোজা গুল নাহার এবং কফিল উদ্দিন আহমেদ চৌধুরী।

গত ২ মার্চ বিএইচবিএফসি আদর্শ উচ্চ বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান উত্তরাস্থ কর্পোরেশনের স্টাফ-কোয়ার্টার চত্বরে আয়োজন করা হয়। বিদ্যালয় পরিচালনা পর্ষদের সভাপতি ও কর্পোরেশনের মহাব্যবস্থাপক (প্রশাসন) আফরোজা গুল নাহার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে বিএইচবিএফসি পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার। স্টাফ-কোয়ার্টারে বসবাসকারী কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারী, বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।



একজন বিজয়ী প্রতিযোগিকে পুরস্কৃত করছেন কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার। উপস্থিত আছেন পরিচালনা পর্ষদের চেয়ারম্যান মো. ইয়াছিন আলী (ডানে) এবং মহাব্যবস্থাপকদ্বয় যথাক্রমে কফিল উদ্দিন আহমেদ চৌধুরী ও আফরোজা গুল নাহার।

## মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

২৬ মার্চ যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন করা হয়। দিবসটি উদ্‌যাপনে বাংলাদেশ




সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধের শহীদদের প্রতি বিএইচবিএফসি'র পক্ষথেকে পুস্পার্ঘ্য অর্পণ করা হয়। ২৬ মার্চ ২০১৩ তারিখে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের উক্ত শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের নেতৃত্ব দেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার।

হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন বরাবরের মতো সাভারস্থ জাতীয় স্মৃতিসৌধে মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধানিবেদন করে। কর্পোরেশনের সদর দফতরের সকল বিভাগ ও ঢাকাস্থ জোনাল অফিসসমূহ উক্ত শ্রদ্ধানিবেদন অনুষ্ঠানে অংশ নেয়। কর্পোরেশনের ব্যবস্থাপনা পরিচালক ও বিশিষ্ট মুক্তিযোদ্ধা ড. মো. নূরুল আলম তালুকদার শ্রদ্ধানিবেদন অনুষ্ঠানে নেতৃত্ব প্রদান করেন। কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে তিনি ২৬ মার্চ প্রত্যুষে ধানমন্ডির ৩২-নম্বরে জাতির জনকের প্রতিকৃতিতেও শ্রদ্ধানিবেদন করেন।




ধানমন্ডির ৩২-নম্বরে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে বিএইচবিএফসি'র পক্ষথেকে পুস্পার্ঘ্য অর্পণ করা হয়। ২৬ মার্চ ২০১৩'র প্রত্যুষে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের উক্ত শ্রদ্ধা নিবেদন অনুষ্ঠানে কর্পোরেশনের সর্বস্তরের কর্মকর্তা-কর্মচারীদের নেতৃত্ব দেন ব্যবস্থাপনা পরিচালক ড. মো. নূরুল আলম তালুকদার।




বাংলাদেশের ১৬ কোটি মানুষের জীবনে মার্চ মাসের তাৎপর্য বহুমাত্রিক। আমাদের জাতীয় চেতনার অস্তিত্বের সাথে একাকার হয়ে আছে এ মাসটি। আমাদের যাপিত জীবনে প্রতিটি বছর, মাস,দিবস ও মুহুর্তে ঐতিহাসিক মার্চ মাসের স্মৃতির অনুরণন মুহুর্মূহু।

মার্চ ১৯৭১। ঐতিহাসিক এ বছরের মার্চ মাসের প্রতিটি তারিখ-ই বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে স্বমহিমায় ভাস্বর। একটি রেখে অপরটির মহিমা বর্ণনা সুকঠিন কাজ। তবে, স্বাধীন বাংলাদেশের জন্মতিথি হিসেবে যুগপৎ ২, ৭, ২৫ ও ২৬ মার্চ-এর কথা বিশেষভাবে উল্লেখ করা দরকার।

২ মার্চ, ১৯৭১। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গনে স্বতঃস্ফুর্ত সংগ্রামের স্রোত; ছাত্র সমাবেশ। বঙ্গবন্ধু ও বাংলাদেশ তখন সবার হৃদয়ে। বাংলাদেশের মানচিত্র-খচিত জাতীয় পতাকা উত্তোলন করা হয় সমাবেশ থেকে। ছাত্র সংগ্রাম পরিষদের উদ্যোগে স্বাধীনতার ইশতেহার পাঠ করা হয়। তখন জাতীয় সংগীত হিসেবে পরিবেশিত হয় কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুরের **আমার সোনার বাংলা কবিতার** প্রথমাংশ।

৭ মার্চ ১৯৭১। স্বাধীনচেতা প্রতিটি বাঙালীর প্রাণের আকুতি স্বাধীনতা। সাড়ে সাত কোটি বাঙালীর প্রাণের দাবী "এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম" এক অমিয় বাণী, কালোত্তীর্ণ এক ভাষণ হিসেবে জাতির জনক, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের কণ্ঠে উচ্চারিত হয়। প্রকৃতপক্ষে ৭-ই মার্চের ঐতিহাসিক ঐ ভাষণের মধ্যদিয়ে বাংলাদেশের মুক্তিযুদ্ধের সংগ্রামী ঘোষণা এসে যায়। জনগণ এই ভাষণের মাধ্যমে মুক্তিযুদ্ধের জন্য রণ-প্রস্তুতি নিতে থাকে।

২৫ মার্চ ১৯৭১। বাংলাদেশের ইতিহাসে এক কলঙ্কিত তারিখ। পাকিস্তান সরকার কর্তৃক তৎকালীন পূর্ব-পাকিস্তানের নিরস্ত্র মানুষের উপর ভয়ংকর ও নির্মম হত্যাকান্ডের এক ভয়াল রাত।


২৬ মার্চ, ১৯৭১। দেশের মুক্তিযুদ্ধের শুরু। দেশকে পরাধীনতার শৃংখলমুক্ত করার দৃপ্ত-প্রত্যয়ে লাল-সবুজের পতাকা খচিত স্বাধীন সার্বভৌম বাংলাদেশ বিনির্মানের শুভ সূচনালগ্ন। আমাদের মহান স্বাধীনতা ও জাতীয় দিবস।

দীঘ ৯ মাস রক্তক্ষয়ী যুদ্ধ, ৩০ লক্ষ প্রাণের বিসর্জন, ২ লক্ষ মা-বোনের সম্ভ্রমহানির বিনিময়ে অর্জিত হয়েছে আমাদের প্রাণের স্বদেশভূমি বাংলাদেশ। আমরা পেয়েছি দেশ, পেয়েছি একটি পতাকা। দেশের প্রতিটি মানুষের অস্তিত্বের সাথে মিশে আছে গভীরভাবে মার্চ এর স্মৃতি।

মার্চ আমাদের শিক্ষা দেয়, মুক্তির নিশান কীভাবে উড়াতে হয়। কীভাবে স্বাধীনতা অর্জন করতে হয়। এই শিক্ষা তরুণ প্রজন্ম হৃদয়ে প্রোথিত করে স্বপ্নের সোনার বাংলাকে গড়ে তুলবে একটি উন্নত দেশ হিসেবে। জাতি হিসেবে বাঙ্গালী হবে বিশ্বের মানচিত্রে উচ্চ মর্যাদায় অভিসিক্ত! এ জনপদের আগামীদিনের নাগরিকেরা বাংলাদেশকে নিয়ে যাবে সাফল্যের স্বর্ণ-শিখরে, মার্চের এচেতনা অবশ্যই তাদের এ শক্তি যোগাবে।

**আবুবকর সিদ্দিক খান**
প্রিন্সিপাল অফিসার

# মহামান্য রাষ্ট্রপতি মো. জিল্লুর রহমান-এর মৃত্যুতে শোকাহত বিএইচবিএফসি পরিবার



৯ মার্চ ১৯২৯ - ২০মার্চ ২০১৩ খ্রি.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ এর মহামান্য রাষ্ট্রপতি, জাতির অভিভাবক মো. জিল্লুর রহমান গত ২০ মার্চ চিকিৎসাধীন অবস্থায় ইন্তেকাল করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহে রাজিউন)। একজন বিনয়ী ও আদর্শবান রাজনীতিক এবং মহান মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক মো. জিল্লুর রহমান জাতীয় জীবনে দলমত নির্বিশেষে হয়ে উঠেছিলেন সর্বজন শ্রদ্ধেয় একজন অভিভাবক। মহান এই ব্যক্তিত্বকে হারিয়ে শোকাহত বাঙালি জাতি। তাঁর এ চলে যাওয়া জাতির জন্য এক অপূরণীয় ক্ষতি। জাতীয় এ শোকে সকলের সাথে বিএইচবিএফসি পরিবারও গভীরভাবে শোকাহত।

১৯৫২ সালের মহান ভাষা আন্দোলন থেকে শুরু করে পরবর্তী সবকটি জাতীয় সংকটে মরহুম জিল্লুর রহমান রেখেছেন অবিস্মরণীয় ভূমিকা। ১৯৪৬ সাল থেকে বঙ্গবন্ধুর মৃত্যুর পূর্বদিন পর্যন্ত জাতির জনকের ঘণিষ্ঠ সহচর, সুবিবেচক ও প্রজ্ঞাবান এই রাজনৈতিক ব্যক্তিত্বকে এ সময় জাতির খুবই প্রয়োজন ছিল। তাঁর মৃত্যুতে সৃষ্ট শূন্যতা পূরণের জন্য পরম করুণাময় আল্লাহ্তায়লা আমাদের শক্তি দান করুন। এই প্রার্থনার পাশাপাশি বিএইচবিএফসি পরিবার মরহুমের বিদেহী আত্মার মাগফেরাত কামনা করছে। তাঁর শোক সন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সহানুভূতি ও সমবেদনাও জ্ঞাপন করছে বিএইচবিএফসি পরিবার।

## শোক বার্তা



বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের প্রাক্তন ব্যবস্থাপনা পরিচালক ড. যাদব চন্দ্র সাহা গত ৫. ৩. ২০১৩ খ্রি. তারিখে রোজ মঙ্গলবার, দুপুর ১.০০টায় হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হয়ে নিজ বাসভবনে পরলোকগমন করেন। প্রয়াত ড. যাদব চন্দ্র সাহা ১৯৪৮ সালের ১২ নভেম্বর কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি তাঁর ব্যস্ত কর্মময় জীবনের একটি উল্লেখযোগ্য সময় (৪.১২.২০০০খ্রি. থেকে ৯.১১.২০০৫খ্রি. পর্যন্ত) বিএইচবিএফসি'র ব্যবস্থাপনা পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। তাঁর শ্রম, নিষ্ঠা ও দিকনির্দেশনা প্রতিষ্ঠানটির উত্তরোত্তর সমৃদ্ধি অর্জনে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬৪ বছর।

ড. যাদব চন্দ্র সাহা'র মৃত্যুতে বিএইচবিএফসি'র কর্মকর্তা-কর্মচারীদের পক্ষ থেকে গভীর শোক ও তাঁর বিদেহী আত্মার শান্তি কামনা করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করা হয়।

# শ্রীমঙ্গল রিজিওনাল অফিস উদ্বোধন ঃ পত্রিকায় সচিত্র সংবাদ

**দৈনিক ইত্তেফাক**
ঢাকা ॥ রবিবার ৩ ফেব্রুয়ারি ২০১৩

সম্প্রতি শ্রীমঙ্গলের রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স করপোরেশনের অফিসটি রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ, এমপি প্রধান অতিথি হিসেবে ওই অফিসের কার্যক্রম উদ্বোধন করেন।

**ইনকিলাব** (THE DAILY INQILAB)
ঢাকা ॥রোববার ২১ মাঘ ১৪১৯
৩ জানুয়ারি, ২০১৩ খ্রিঃ

বিএইচবিএফসিকে হাউজিং ব্যাংকে রূপান্তরের সময়ের দাবী- চীফ হুইপ

**সমকাল**
০৪ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিঃ
২২ মাঘ, ১৪১৯ বাংলা

বিএইচবিএফসি-কে হাউজিং ব্যাংকে রূপান্তরের দাবি

**দৈনিক জনকণ্ঠ** (The Daily Janakantha)
ঢাকা ॥রোববার ২১ মাঘ ১৪১৯
৩ জানুয়ারি, ২০১৩খ্রিঃ

শনিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের অফিসকে রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। জাতীয় সংসদের চীফ হুইপ উপাধ্যক্ষ মোঃ আব্দুস শহীদ, এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কার্যক্রম উদ্বোধন করেন।

**আমাদের সময়**
রোববার ২১ মাঘ, ১৪১৯ বাংলা
০৩ ফেব্রুয়ারি, ২০১৩ খ্রিঃ

গত ২ ফেব্রুয়ারি ২০১৩ মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স করপোরেশনের অফিসটি রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ, এমপি প্রধান অতিথি হিসেবে ওই অফিসের কার্যক্রম উদ্বোধন করেন।

**The News Today**
Monday : February 4, 2013

Chief Whip Md. Abdus Shahid opens BHBFC's regional office in Sreemongal on Saturday

**The New Nation**
Dhaka, Tuesday February 5 2013

Speakers for remodeling BHBFC as housing bank.

**daily sun**
Tuesday - 5,February 2013, Dhaka

BHBFC'S regional office inaugurated

**NEW AGE**
Dhaka, Tuesday February 5,2013

Jatiya Sangsad chief whip Md Abdus Shahid inaugurates a regional office of Bangladesh House Building Finance Corporaton at Srimongol in Moulvibazar recently. BHBFC board of directors chairman Md Yeasin Ali, Moulvibazar deputy commissioner Md kamrul Hasan, BHBFC managing director Md Nurul Alam Talukder Were present on the occasion.

**The Financial Express**
Wednesday- February-6 2013, Dhaka

BHBFC's Regional office in Shreemongol of Moulovibazar district has been upgraded. The Chief whip Md Abdus Shahid, MP, opened the new office.

**ভোরের কাগজ**

আবাসন সমস্যা নিরসনে বিএইচবিএফসিকে হাউজিং ব্যাংকে রূপান্তর করার দাবি



**ভোরের ডাক**

গত শনিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স করপোরেশনের অফিসটি রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে।

**সংবাদ**
ঢাকা॥ সোমবার
২২ মাঘ ১৪১৯

**মানবজমিন**
ঢাকা ॥ ৩রা ফেব্রুয়ারি ২০১৩খ্রিঃ

রিজিওনাল অফিস উদ্বোধন

শ্রীমঙ্গলে বিএইচবিএফসি রিজিওনাল অফিসের কার্যক্রম উদ্বোধন

**সকালের খবর**
ঢাকা ॥ মঙ্গলবার ৫ ফেব্রুয়ারি ২০১৩

মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অফিসটিকে রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ এমপি প্রধান অতিথি হিসেবে অফিসের কার্যক্রম উদ্বোধন করেন।

**দৈনিক জনতা**
বুধবার ২৪ মাঘ ১৪১৯ বাংলা

দেশের আবাসন সমস্যা সমাধানে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন (বিএইচবিএফসি) কে হাউজিং ব্যাংকে রূপান্তর করা সময়ের দাবি বলে উল্লেখ করেছেন জাতীয় সংসদের চীফ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ এমপি।

**আজকালের খবর**
ঢাকা ॥ রোববার ২১ মাঘ ১৪১৯
৩ ফেব্রুয়ারি ২০১৩ খ্রিঃ

শ্রীমঙ্গলে বিএইচবিএফসি অফিসটি রিজিওনাল অফিসে উন্নীত

**দৈনিক শক্তি**
বুধবার ৬ ফেব্রুয়ারি ২০১৩
২৪ মাঘ ১৪১৯ বাংলা

শ্রীমঙ্গলে রিজিওনাল অফিস উদ্বোধন করেন মাননীয় চীফ্ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ এমপি।

**আমাদের অর্থনীতি**
সোমবার ২২ মাঘ ১৪১৯
৪ ফেব্রুয়ারি ২০১৩

গত শনিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স করপোরেশন অফিস রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। বাংলাদেশ জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মো. আবদুস শহীদ এমপি প্রধান অতিথি হিসেবে সম্প্রতি উক্ত অফিসের কার্যক্রম উদ্বোধন করেন।

**মানবকণ্ঠ**
মঙ্গলবার ৫ ফেব্রুয়ারি ২০১৩

গত শনিবার মৌলভীবাজারের শ্রীমঙ্গল উপজেলার রূপসপুরে বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশনের অফিসটি রিজিওনাল অফিসে আপগ্রেড করা হয়েছে। জাতীয় সংসদের চিফ হুইপ উপাধ্যক্ষ মো. আব্দুস শহীদ এমপি প্রধান অতিথি হিসেবে উক্ত অফিসের কার্যক্রম উদ্বোধন করেন।



## বাংলা নববর্ষ ১৪২০ এর শুভেচ্ছা



**সম্পাদক মন্ডলী ঃ** **এ. কে. এম মান্নান ভূঞা**, উপ-মহাব্যবস্থাপক (পিএইচআরডি), **আবু বকর সিদ্দিক খান**, প্রিন্সিপাল অফিসার
**মো. বদিউজ্জামান**, প্রিন্সিপাল অফিসার, **মোছা. জুবাইদা খাতুন**, প্রিন্সিপাল অফিসার

**প্রকাশনা ঃ** **পরিকল্পনা ও মানবসম্পদ উন্নয়ন বিভাগ, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইনান্স কর্পোরেশন**
২২, পুরানা পল্টন, ঢাকা -১০০০, E-mail : bhbfc@bangla.net, Web : www.bhbfc.gov.bd

সহজ শর্তে পেতে ঋণ
হাউস বিল্ডিং-এ খোঁজ নিন